জীবননগরে করতোয়া নদী পুনঃখনন কাজের উদ্বোধন

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের মেদনীপুর থেকে পাথিলা পর্যন্ত ৬ কোটি ৭৯ হাজার টাকা ব্যয়ে ৭ কিলোমিটার করতোয়া নদী পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১টার সময় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গার আয়োজনে করতোয়া মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রকৌশলী জাহেদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে করতোয়া নদী পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বর্তমান সরকারের প্রধানমন্ত্রী দেশ এবং দেশের মানুষের জীবন-মানউন্নয়নের লক্ষে দেশের প্রতিটি জেলা, উপজেলা এমনকি গ্রামীণ এলাকাতেও ব্যাপক হারে উন্নয়ন মূলক কাজ করে চলেছে। গ্রামের রাস্তাগুলো এখন শহরের মত হয়ে গেছে। কোথাও মাটির রাস্তা নাই। স্কুল, কলেজগুলোতেও নতুন নতুন ভবন তৈরি করা হয়েছে।

আজ কৃষকদের জীবনমান উন্নয়নের লক্ষে কৃষি ভর্তৃকি প্রদান করছে। শুধু তাই নয় দেশের বিভিন্ন স্থানে মরা নদী যেখানে কিছু দখলদাররা নদী দখল করে বাদ দিয়ে মাছ চাষ করছে সেগুলো সাধারণ মানুষের জন্য পুনঃখনন করে উন্মুক্ত করে দেওয়ার ব্যবস্থা করছেন। এ জন্য দেশে উন্নয়নে শেখ হাসিনার কোন বিকল্প নেই।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সেকেন্দার আলীর উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ফরিদপুরের প্রধান প্রকৌশলী আব্দুল হেকিম, প্রকৌশলী মনিরুজ্জামান, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস.এম মুনিম লিংকন, দামুড়হুদা-জীবননগর সার্কেল এ.এস পি আবু রাসেল, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা,

সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের সাবেক

চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, রায়পুর ইউপি চেয়ারম্যান আঃ রশিদ শাহ, সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আঃ মালেক মোল্লা, আওয়ামী লীগ নেতা জাকির বিশ্বাস, সীমান্ত ইউনিয়ন যুবলীগের সভাপতি মিল্টন, ঠিকাদার জাকাউল্লাহ প্রমুখ।

ঝিনাইদহে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত

‘সম্মিলিত প্রচেষ্টায়, কুষ্ঠকে করি জয়’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত হয়েছে।

ওয়েলফেয়ার এফোর্টস (উই) নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠনের আয়োজনে রোববার সকালে সিভিল সার্জনের কার্যালয় চত্বর থেকে র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে পালিত হয় মানববন্ধন কর্মসূচী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির কর্মকর্তাসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর নির্বাহী পরিচালক শরিফা খাতুন, এইড’র প্রতিনিধি আশাফুর নাহার আশাসহ অন্যান্যরা।

এসময় বক্তারা, কুষ্ঠ রোগ দেশ থেকে দূর করতে রোগীদের অবহেলা না করে চিকিৎসকদের শরণাপন্ন হওয়ার আহ্বান জানান।

ঝিনাইদহে ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহে ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত অফিস সহায়কদের ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে।

রোববার দিনব্যাপী শহরে ইসলামিক ফাউন্ডেশেন মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে সদর উপজেলা প্রশাসন।

ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান, সহকারী কমিশনার ভূমি খান মো: আব্দুল্লা আল মামুন।

এসময় ভূমি সেবা নিতে আসা ব্যক্তিদের সেবার মান আরও উন্নত করতে অফিস সহায়কদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

দিনব্যাপী কর্মশালায় সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত ২৫ জন অফিস সহায়ক অংশগ্রহণ করেন।

নৌকার প্রার্থী শেফালী বেগম ও ধানের শীষের অ্যাড. মোঃ হুমায়ন বাবর ফিরোজ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে প্রার্থী ঘোষনা করেছে বিএনপি ও আওয়ামীলীগ। রোববার এ তথ্য জানা যায়।

চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন প্রয়াত সাবেক উপজেলা চেয়ারম্যান শিকদার মোশাররফ হোসেন সোনা শিকদারের স্ত্রী শেফালী বেগম। গণভবনে আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রার্থী ঘোষনা করেন।

অন্যদিকে বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী হিসাবে নাম ঘোষনা করা হয় ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাবেক সভাপতি ও শৈলকুপা উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ন-আহবায়ক এ্যাড. মোঃ হুমায়ন বাবর ফিরোজের। বিএনপি’র সিনিয়র যুগ্ন মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

উল্লেখ্য, গত বছরের ৪ নভেম্বর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান শিকদার মোশাররফ সোনা। তার মৃত্যুতে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য হয়। আগামী ২৮ফেব্রুয়ারি শৈলকুপায় উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

জেলা নির্বাচন অফিস সুত্রে জানা গেছে, মনোনয়ন দাখিলের শেষ তারিখ ৩ফেব্রুয়ারি, বাছাই ৪ফেব্রুয়ারি, প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১১ফেব্রুয়ারি ও প্রতিক বরাদ্দ ১২ ফেব্রুয়ারি নির্ধারণ করা হয়েছে।

মেহেরপুরে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার কাঁঠালপোতা গ্রামে সোনিয়া খাতুন (২৬) নামের এক গৃহবধৃর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ২ সন্তানের জননী সোনিয়া কাঁঠালপোতা গ্রামের আব্দুর রাজ্জাকের স্ত্রী।

রবিবার সকালের দিকে স্বামীর ঘরের আড়ার সাথে সোনিয়ার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে স্থানীয় যাদুখালি পুলিশ ক্যাম্পের সদস্যরা।

স্থানীয় পিরোজপুর ইউনিয়ন পরিষদের সদস্য আসাদুল ইসলাম জানান, সকালের দিকে সোনিয়ার মরদেহ তার স্বামীর ঘরের আড়ার সাথে ঝুলছিল।

এসময় পুলিশ ক্যাম্পে খবর দেয়া হয়। খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করেছে। তবে সোনিয়ার বাবা ও শ্বশুরবাড়ির লোকজন বিষয়টি নিয়ে আপোষ মিমাংসা করেছে।

মেহেরপুর সদর থানা সূত্র জানায়, প্রাথমিকভাবে মনে হচ্ছে এটি আত্মহত্যা।

মুজিবনগরে আলগামনের ধাক্কায় এক শিশু নিহত

মেহেরপুরে রাস্তা পারাপারের সময় আলগামনের (স্যালো মেশিন চালিত যান) ধাক্কায় নূর (২) নামের এক শিশু নিহত হয়েছে। নিহত নূর মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মো. রুবেল হোসেনের ছেলে।

আজ রবিবার বেলা সাড়ে ১২টার দিকে মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী বাজারে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মোনাখালী বাজারে শিশু নূর রাস্তার অপর পাশে তার দাদীকে দেখে দৌড়ে রাস্তা পার হতে যায়। এ সময় দ্রুত বেগে আসা সার ভর্তি আলগামন তাকে ধাক্কা দেয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীর সাহারবাটি ইউনিয়নে

গোলাম ফারুকের পথসভা ও গণসংযোগ

গাংনীর সাহারবাটি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডে পথ সভা ও গণসংযোগ করেছেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক।

রবিবার দুপুরে ধর্মচাকী গ্রামের ৪ নং ওয়ার্ড এর ইউপি সদস্য মোঃ নিজাম উদ্দিন ও স্থানীয় আওয়ামীলীগ নের্তৃবৃন্দকে নিয়ে বিভিন্ন পাড়া মহল্লায় মানুষের কাছে গিয়ে পথসভা ও গণ সংযোগ করেন।

গণসংযোগকালে গোলাম ফারুক বলেন, দীর্ঘদিনের পিছিয়ে থাকা সাহারবাটি ইউনিয়নকে উন্নত ইউনিয়ন হিসেবে গড়ে তুলতে আওয়ামীলীগ মনোনীত হয়ে নির্বাচিত হয়েছিলাম।

নির্বাচনে জয়লাভ করে দায়িত্বভার গ্রহনের পর বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রেখেছি। সাহারবাটি ইউনিয়নের প্রতিটি গ্রামে ও পাড়া মহল্লায় কালভার্ট, হাটবাজার উন্নয়ন, রাস্তাঘাট পাকা করন, মসজিদ মাদ্রাসা, কবরস্থানসহ বিভিন্ন জনবসতি এলাকায় সোলারবাতি স্থাপন করা হয়েছে।

সেই সাথে করোনা কালীণ মুহুর্তে কর্মহীন হয়েপড়া মানুষেল দ্বারেদ্বারে খাবার পৌছে দেয়া হয়েছে। একই সাথে শীতবস্ত্র বিতরন করা হয়েছে ।

ইউনিয়নের প্রতিটি নাগরিক স্বাস্থ্য সেবা আইনগত সেবাসহ নানা সেবা নিয়ে সন্তুুষ্টি প্রকাশ করছেন বলে জানান, চেয়ারম্যান গোলাম ফারুক।

পথসভ শেষে স্থানীয়দের সাথে কলাপাতায় মধ্যাহ্নভোজের আয়োজন করে গ্রামবাসীরা।

সুমিষ্ট চাইনিজ কমলায় আসাদের সাফল্য

দেশের মাটিতে বাণিজ্যিকভাবে সুমিষ্ট চাইনিজ জাতের কমলা চাষ করে সাফল্য পাচ্ছেন চুয়াডাঙ্গার চাষীরা। এদের মধ্যে অনেক শিক্ষিত তরুণও আছেন। তাদেরই একজন জীবননগরের তরুণ চাষী মো. আসাদুজ্জামান। তার এ সাফল্যের গল্প শুনতে প্রতিদিনই দূর-দূরান্ত থেকে আগ্রহী চাষীরা ছুটে আসছেন তার কাছে।

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার ইসলামপুর গ্রামের মো. আসাদুজ্জামানের কমলা বাগানে গিয়ে দেখা যায়, গাছের ডালে থোকায় থোকায় ঝুলছে ছোট ছোট কমলা। চকচকে কমলা রঙের এ ফল দেখে যে কেউই অবাক হবেন। কারণ চায়না থেকে আমদানি করা ছোট জাতে যে কমলা আমাদের বাজারে পাওয়া যায়, সেই কমলাই এখন দেশের মাটিতে চাষ হচ্ছে। এ কমলা দেখতে যেমন সুন্দর খেতেও তেমন সুস্বাদু ও সুমিষ্ট।

মো. আসাদুজ্জামান জানান, ২০১৯ সালে নিজের চার বিঘা জমিতে ১০০ চাইনিজ কমলার চারা রোপন করেন তিনি। সেসময় তিনি জানতেনও না, এ গাছে কেমন ফল হবে। প্রায় দু’বছরের মাথায় ২০০০ সালের শেষ দিকে গাছে ফল আসে। এতে আত্মবিশ^◌াসী হয়ে ওঠেন তিনি।

তিনি বলেন, এক বিঘা জমিতে কমলার আবাদ করতে প্রথম ১০/১৫ হাজার টাকা খরচ হয়। সামান্য কিছু পরিচর্যা করলেই এ চাষে সাফল্য আসে। কমলা চাষে পোকা-মাকড়ের আক্রমণও কম। একটি পূর্ণ বয়স্ক গাছ থেকে এক মৌসুমে ৩০-৩৫ কেজি কমলা পাওয়া সম্ভব।

জীবননগরের গোয়ালপাড়া গ্রামের জাহাঙ্গীর আলম সম্প্রতি ইসলামপুরের কমলা বাগানে আসেন আসাদুজ্জামানের সফলতা দেখতে। তিনি বলেন, ‘আমি নিজেও আধুনিক চাষাবাদের সাথে সম্পৃক্ত হতে ইচ্ছুক। এ কারণে জেলার যেখানেই ব্যতিক্রমী চাষাবাদের খবর পাই সেখানেই সেটি দেখতে যাই। আসাদুজ্জামানের কমলা বাগান দেখে আমি মুগ্ধ।’

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ কর্মকর্তা সুফি মো. রফিকুজ্জামান বাংলাদেশ প্রতিদিনকে বলেন, চুয়াডাঙ্গা জেলায় কমলা চাষের সাফল্যে অনেকেই অনুপ্রাণিত হচ্ছেন। এ কারণে এ চাষকে সম্প্রসারিত করার জন্য তারাও সব ধরনের পরামর্শ ও প্রচারণা চালাচ্ছেন। তাদের মতে, এ চাষ সারাদেশে ছড়িয়ে দেয়া গেলে দেশে

উৎপাদিত বিষমুক্ত ফল দিয়েই বিদেশী ফলের চাহিদা পূরণ করা যাবে।

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু’র জীবন ও কর্ম নিয়ে নাটক ”আমার সাধ না মিটিলো” মঞ্চস্থ

বাংলাদেশের স্থপতি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম নিয়ে শামীম সাগরের রচনা ও নির্দেশনায় ”আমার সাধ না মিটিলো” নাটক মঞ্চস্থ হয়েছে।

শুক্রবার রাতে কুষ্টিয়া ছেউড়িয়া লালন একাডেমীর অডিটোরিয়েমে এ নাটক মঞ্চস্থ হয়।

কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি এ নাটকের আয়োজন করে।

বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক ও কুৃষ্টিয়া-৩ আসনের সংষদ সদস্য মাহবুব উল আলম হানিফ এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ নাটকের উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন, আমাদের সাংস্কৃতির অন্যতম একটি মাধ্যম হলো নাটক। সামরিক সরকার বিরোধী আন্দোলনেই এই নাট্যকর্মীরা মঞ্চে ও রাজপথে তাদের উপস্থিতি রেখে সবসময় দেশের রাজনীতিকে প্রভাবিত করেছে। যার ফলে আমাদের গণতন্ত্র সামনের দিকে অগ্রসর হচ্ছে। সংস্কৃতি কর্মীদের এই প্রয়াস আগামী দিনে আমাদের গণতন্ত্রকে আরও সমৃদ্ধ করবে বলে তিনি মনে করেন।

বঙ্গবন্ধু মানেই দর্শণ, বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ উল্লেখ করে তিনি আরও বলেন, আজ আমরা এগিয়ে চলেছি মুক্তির পানে ও ক্রমাগত উন্নতির পথে। আমাদের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মানেই একটি দর্শন, একটি চেতনা। তার দেখানো পথ ধরে, তারই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের উন্নয়ন অভিযাত্রার নেতৃত্ব দিয়ে আধুনিক দেশ গড়ার দায়িত্ব পালন করছেন।

অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমীর সাধারন সম্পাদক মো: আমিরুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া-৪ (খোকসা- কুমারকালী) আসনের সংসদ সদস্য সদস্য ব্যারিষ্টার সেলিমআলতাফ জর্জ, মাহবুব উল আলম হানিফ এমপির সহধর্মীনি ফৌজিয়া আলম, কুষ্টিয়ার স্থানীয় সরকারের উপপরিচালক মৃণাল কান্তি দে, সসদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জোবায়ের হোসেন চৌধুরী, কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খানসহ জেলা শিল্পকলা একাডেমীর নির্বাহী পরিষদের সদস্যরা শিল্পী ও কলাকুশলী উপস্থিত ছিলেন।

নাটকে বঙ্গবন্ধু শেখ মুজিবের চরিত্রে মো: আমিরুল ইসলাম, মান্নাফের চরিত্রে শহিদুর রহমান রবি, মেজর, মহিদতুলের চরিত্রে শাহীন সরকার, মানুষ চরিত্রে আসলাম আলী, মৌলভী ও এসপি সালামের চরিত্রে আনোয়ার বাবু, ক্যাপ্টেনের চরিত্রে শাহেদ সহরোয়ার্দী, মোহিতুলের চরিত্রে বিশ্বজিৎ মজুমদার, হাবিলদারের চরিত্রে ফাহিম হাসান, ওসি/সিরাজের চরিত্রে সাইমুর রহমান অনিক, রজবের চরিত্রে সৌরভ, এবং গ্রামবাসী ফারুকের চরিত্রে ইউসুফ অভিনয় করেন।

জেলা শিল্পকলা একাডেমীর সাধারন সম্পাদক মো: আমিরুল ইসলাম বলেন, ১৯৭৫ সালের ১৫ ই আগস্টের বাঙালি জাতির কলঙ্কিত অধ্যায়ের প্রেক্ষাপটে রচিত নাটকটি।বাঙালি ও বাংলাদেশের ইতিহাসের সবচেয়ে কলঙ্কিত অধ্যায় ১৫ ই আগস্টের পরদিন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লাশ দাফনের ঘটনাকে উপজীব্য করেই এগোতে থাকে নাটকের গল্প।

কুমারখালীতে শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার ২০২১-২০২২ চক্রের ভিজিডির কার্ড, এলজিএসপির অর্থায়নে দুস্থ মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল, ও অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

রোববার দুপুরে শিলাইদহ ইউনিয়ন পরিষদে এই বিতরণ কার্যক্রম

অনুষ্ঠিত হয়।

শিলাইদহ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সালাহউদ্দিন খান তারেকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া ৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান।

এছাড়াও রানা টেক্সটাইল এর স্বত্বাধিকারী মাসুদ রানা, কুমারখালী উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সভাপতি সিরাজুল ইসলাম ভুট্টো, জগন্নাথপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ফারুক আযম হান্নান উপস্থিত ছিলেন।

এসময় ১৯৫ জনের মাঝে ভিজিডির কার্ড, ৪২ জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল ও ৫০০ দুস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। ভিজিডির কার্ড প্রাপ্তরা প্রতিমাসে ৩০ কেজি চাউল ২ বছর পর্যন্ত উত্তোলন করতে পারবেন।